গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা
www.totthoapa.gov.bd

স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৯৪.১৯-২৫৬৮

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ উঠান বৈঠক আয়োজন প্রসঙ্গে।**

সূত্রঃ প্রকল্পের প্রধান কার্যালয়ের স্মারক নং- ৩২.০২.০০০০.২০৫.৯৪.১৯-৭৯৬, তারিখঃ ১৯/০৩/২০২০ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন "তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)" প্রকল্পটির আওতায় ৪৯০টি উপজেলায় প্রতিষ্ঠিত ৪৯০টি তথ্যকেন্দ্রের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, ব্যবসা, আইনি পরামর্শ এবং জেন্ডার বিষয়ে সুবিধাবঞ্চিত মহিলাদেরকে তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। বর্ণিত সেবাসমূহ প্রদানের ক্ষেত্রে প্রকল্পটির একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হচ্ছে উঠান বৈঠক, যার মাধ্যমে গ্রামীণ মহিলাদেরকে বিভিন্ন সামাজিক সমস্যা সম্পর্কে সচেতন করা, সরকারি সেবাসমূহ প্রাপ্তিতে সহায়তা করা, বাল্যবিবাহ, ফতোয়া, নারী নির্যাতন সম্পর্কিত বিষয়ে মুক্ত আলোচনার মাধ্যমে সহায়তা প্রদান করা হয়।

মার্চ ২০২০ মাসে বিশ্বের অধিকাংশ দেশের ন্যায় বাংলাদেশেও নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ঘটায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, World Health Organization, IEDCR (Institute of Epidemiology, Disease Control & Research) এবং National Influenza Centre (NIC) কর্তৃক করোনা ভাইরাসের বিস্তার রোধে সভা-সমাবেশসহ সকল প্রকার জনসমাগম হতে বিরত থাকার জন্য পরামর্শ ও নির্দেশনা প্রদান করার প্রেক্ষিতে সূত্রস্থ স্মারকে উঠান বৈঠক সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি সকল অফিস আদালতের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হতে থাকায় ডোর টু ডোর এর মাধ্যমে সেবাদান কার্যক্রম শুরু করা হয়েছে। প্রকল্পের সার্বিক লক্ষ্যমাত্রা পূরণে উঠান বৈঠক শুরু করা প্রয়োজন। তবে, বাস্তব অবস্থার প্রেক্ষিতে অংশগ্রহণকারীর সংখ্যা সীমিত রেখে স্বাস্থ্যবিধি মেনে উঠান বৈঠক আয়োজন করতে হবে। এ ক্ষেত্রে প্রত্যেক উপকারভোগীকে ন্যূনতম ৩ (তিন) ফুট দূরত্বে বসিয়ে প্রতি উঠান বৈঠকে ২৫ জন নারীকে সেবা প্রদান করার ব্যবস্থা গ্রহণ এবং প্রতি মাসে ০২টি করে উঠান বৈঠকের আয়োজন করতে হবে।

এমতাবস্থায়, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রতিটি তথ্যকেন্দ্রে প্রতি মাসে ০২টি করে উঠান বৈঠকের আয়োজন করা এবং প্রতিটি উঠান বৈঠকে ২৫ জন নারীকে সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো এবং তদানুযায়ী তথ্যসেবা কর্মকর্তা এবং তথ্যসেবা সহকারীগণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হলো। উল্লেখ্য যে, বর্তমান নির্দেশনার আলোকে উঠান বৈঠক আয়োজনের জন্য প্রয়োজনীয় বরাদ্দ এবং ব্যয় বিভাজন অবিলম্বে প্রেরণ করা হবে।

সংযুক্তঃ বর্ণনামতে ০১ ফর্দ।

২২/১১/২০২০
(মীনা পারভীন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮৩৩২১৩৬
ই-মেইল: pd@totthoapa.gov.bd

তথ্যসেবা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত তথ্যসেবা কর্মকর্তা (সকল)
তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)
উপজেলা-----------------------, জেলা----------------------।

চলমান পাতা ২

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। উপ-প্রকল্প পরিচালক, অর্থ ও প্রশাসন/ট্রেনিং ও মনিটরিং, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)

০৪। চেয়ারম্যান, উপজেলা শাখা, জাতীয় মহিলা সংস্থা (সংশ্লিষ্ট উপজেলা)।

০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়), ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

০৬। পি-এ-টু-চেয়ারম্যান/নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা (চেয়ারম্যান/নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭। ওয়েব এ্যাডমিনিস্ট্রেটর, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য।

০৮। সহকারী প্রোগ্রামার ১, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), প্রতিমাসের শেষ কার্যদিবসে সংশ্লিষ্ট মাসের কেন্দ্রভিত্তিক সেবাগ্রহীতার তথ্য এমআইএস থেকে প্রিন্ট করে উপস্থাপনের জন্য।

০৯। অফিস কপি।

১৯।০৩।২০২০

(মীনা পারভীন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮৩৩২১৩৬
ই-মেইল: pd@totthoapa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)

## তথ্যকেন্দ্রের মাসিক লক্ষ্যমাত্রা

মাসের নামঃ ...............

| ক্রমিক | বিবরণ | লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | সেবাগ্রহিতার লক্ষ্যমাত্রা | ৯০০ জন | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
| ০২ | উঠান বৈঠকে সেবা প্রদান | ৫০ জন | |
| ০৩ | তথ্যকেন্দ্রে/ ডোর টু ডোর সেবা প্রদান | ৮৫০ জন | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা আয়োজন | প্রতি ৩ মাসে কমপক্ষে ০১ টি | |
| ০৫ | ভিডিও প্রদর্শন (সচেতনতামূলক) [বি.দ্র. ভিডিও প্রকল্প হেড অফিস হতে সরবরাহ করা হবে] | ০২ টি | |
| ০৬ | অন্যান্য কার্যক্রম | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী | |

## তথ্যসেবা কর্মকর্তার মাসিক লক্ষ্যমাত্রা

তথ্যসেবা কর্মকর্তার নামঃ..................., রোলঃ.....................

| ক্রমিক | বিবরণ | লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাঠ পরিদর্শনের সংখ্যা | ১০ দিন | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
| ০২ | তথ্যকেন্দ্রে/ উঠান বৈঠকে/ডোর টু ডোর সেবা প্রদান | ২০০ জন | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
| ০৩ | অন্যান্য কার্যক্রম | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী | |

## তথ্যসেবা সহকারীর মাসিক লক্ষ্যমাত্রা

ক) তথ্যসেবা সহকারীর নামঃ..................., রোলঃ.....................

| ক্রমিক | বিবরণ | লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | তথ্যকেন্দ্রে/ডোর টু ডোর সেবা প্রদান | ৩৫০ জন | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
| ০২ | কতদিন ডোর টু ডোর সেবা প্রদান করবেন | ১৪ দিন | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
| ০৩ | অন্যান্য কার্যক্রম | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী | |

## তথ্যসেবা সহকারীর মাসিক লক্ষ্যমাত্রা

খ) তথ্যসেবা সহকারীর নামঃ..................., রোলঃ.....................

| ক্রমিক | বিবরণ | লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | তথ্যকেন্দ্রে/ডোর টু ডোর সেবা প্রদান | ৩৫০ জন | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
| ০২ | কতদিন ডোর টু ডোর সেবা প্রদান করবেন | ১৪ দিন | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
| ০৩ | অন্যান্য কার্যক্রম | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী | |

২৯/১২/২০২০

(মীনা পারভীন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)